



# আপনার সার্ভিকাল স্ক্রীনিং পরীক্ষার ফলাফল বোঝা

এই নির্দেশিকাটি আপনাকে আপনার সার্ভিকাল স্ক্রীনিং পরীক্ষার ফলাফল বুঝতে সহায়তা করে।



আপনার ডাক্তার বা নার্স আপনার ফলাফল এবং পরবর্তী পদক্ষেপগুলি কি হবে তা নিয়ে আপনার সাথে আলোচনা করবেন।

আপনি যদি আপনার ফলাফল নিয়ে উদ্ভিন্ন বোধ করেন তবে তাদের জানানো বা কোনও প্রশ্ন জিজ্ঞাসা করার জন্য এটি একটি ভালো সময়।

## সার্ভিকাল স্ক্রীনিং পরীক্ষা কী জন্য করা হয়?

সার্ভিকাল স্ক্রীনিং পরীক্ষা হিউম্যান প্যাপিলোমাভাইরাস (HPV) সংক্রমণ সনাক্ত করে থাকে।

HPV এতটাই সাধারণ যে জীবনের কোনও এক সময়ে অনেক মানুষের এটি হয়ে থাকে এবং সাধারণত কোনও লক্ষণ না থাকার কারণে এটি কখনই জানা যায় না।

কিন্তু যদি HPV আমাদের শরীরে দীর্ঘ সময় ধরে থাকে তবে এটি এমন সমস্যা সৃষ্টি করতে পারে যা সার্ভিকাল ক্যান্সারের কারণ হতে পারে। এটি সাধারণত 10 থেকে 15 বছর সময় নেয়।

## আমার পরীক্ষার ফলাফল থেকে কী জানা যায়?

আপনার ডাক্তার বা নার্স আপনার সার্ভিকাল স্ক্রীনিং পরীক্ষার ফলাফল সম্পর্কে আপনার সাথে কথা বলবেন এবং আপনার যে কোনও প্রশ্নের উত্তর দেবেন।



Australian Government

NATIONAL  
**CERVICAL SCREENING**  
PROGRAM

A joint Australian, State and Territory Government Program

## আপনার পরীক্ষার ফলাফল গুলি বুঝা

এগুলি সম্ভাব্য ফলাফল এবং এগুলো দ্বারা কী বোঝায়।

	<p>আপনার নমুনায় কোনও HPV পাওয়া যায়নি। আপনার পরবর্তী পরীক্ষা 5 বছরের মধ্যে হবে। আপনার পরবর্তী পরীক্ষা করানোর 3 মাস আগে আপনাকে মনে করিয়ে দেওয়া হবে।</p>
<p>আরও একটি নমুনা যা আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীরা সংগ্রহ করবে তা দেওয়ার জন্য আসুন।</p>	<p>আপনি আপনার পরীক্ষার জন্য নিজেই নমুনা সংগ্রহ করবেন বলে স্থির করেছেন এবং আপনার সংগৃহীত নমুনায় HPV পাওয়া গেছে। আপনাকে আপনার ডাক্তার বা নার্সের কাছে যেতে বলা হবে। সার্ভিকাল কোষ সহ আরও একটি নমুনা সংগ্রহ করবে। এই নমুনাটি নিজে সংগ্রহ করা সম্ভব নয়।</p>
<p>12 মাসের মধ্যে পরীক্ষাটি আবার করুন</p>	<p>আপনার নমুনায় HPV পাওয়া গেছে, তবে আপনার শরীর সেটি সম্ভবত নিজেই ধ্বংস করবে। আপনি আবার পরীক্ষা করার আগে 12 মাস অপেক্ষা করা আপনার জন্য নিরাপদ।</p>
<p>পরীক্ষার ফলাফল অসন্তোষজনক হওয়ার কারণে সার্ভিকাল স্ক্রীনিং পরীক্ষাটি পুনরাবৃত্তি করুন</p>	<p>ল্যাবরেটরি আপনার নমুনা থেকে কোনও ফলাফল পায়নি। তার মানে এই নয় যে কিছু ভুল হয়েছে। 6 থেকে 12 সপ্তাহের মধ্যে আবার আপনার পরীক্ষাটি করতে বুক ইন করুন।</p>
<p>একজন বিশেষজ্ঞের সাথে যোগাযোগ করুন</p>	<p>আপনার নমুনায় HPV পাওয়া গেছে এবং HPV সংক্রমণের ধরণের জন্য অতিরিক্ত পরীক্ষা বা চিকিৎসা প্রয়োজন। আপনার ডাক্তার বা নার্স আপনাকে অন্য পরীক্ষার জন্য একজন বিশেষজ্ঞের কাছে পাঠাবেন।</p>

### আরও তথ্য?

আপনার যদি আরও তথ্যের প্রয়োজন হয় তবে আপনার ডাক্তার, নার্স বা স্বাস্থ্যকর্মীর সাথে  
কথা বলুন, [www.health.gov.au/NCSP](http://www.health.gov.au/NCSP) এই সাইটটি দেখুন বা **1800 627 701** নম্বরে কল  
করুন।

আপনার ভাষায় সহায়তার জন্য আপনি অনুবাদ ও দোভাষী পরিষেবার জন্য (টিআইএস  
ন্যাশনাল) এ **131 450** নম্বরে কল করতে পারেন।

অনুবাদকত তথ্যের জন্য [www.health.gov.au/NCSP-multicultural](http://www.health.gov.au/NCSP-multicultural) সাইটটি দেখুন।